

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৭৯

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ১১৬, জান্নাতের বাজারের বর্ণনা

باب فِي سُوقِ الْجَنَّةِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا حُمَيْدٌ عَنْ أَنَسٍ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ فِي الْجَنَّةِ لَسُوقًا قَالُوا وَمَا هِيَ قَالَ كُتْبَانٌ مِنْ مِسْكِ يَخْرُجُونَ إِلَيْهَا فَيَجْتَمِعُونَ فِيهَا فَيَبْعَثُ اللَّهُ عَلَيْهِمْ رِيحًا فَتُدْخِلُهُمْ بُيُوتَهُمْ فَيَقُولُ لَهُمْ أَهْلُوهُمْ لَقَدْ ازْدَدْتُمْ بَعْدَنَا حُسْنًا وَيَقُولُ لَهُمْ أَهْلُوهُمْ لَقَدْ ازْدَدْتُمْ بَعْدَنَا حُسْنًا وَيَقُولُونَ لِأَهْلِيهِمْ مِثْلَ ذَلِكَ

বাংলা

২৮৭৯. আনাস ইবনু মালিক রাদ্বিয়াল্লাভ্ আনভ্ থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ "নিশ্চয় জান্নাতে একটি বাজার থাকবে।" তারা বললেন, সেটি আবার কি? তিনি বললেন: "মিশক দিয়ে নির্মিত বালির টিলাসমূহ, যার উদ্দেশ্যে জান্নাতবাসীরা বের হবে, এরপর তারা সেখানে একত্রিত হবে, অতঃপর আল্লাহ তাদের উপর একটি বায়ু প্রবাহিত করবেন। (ধুলি-বালি তাদের চেহারায় লাগবে আর এতে তাদের সৌন্দর্য আরো বৃদ্ধি পাবে।) অতঃপর তারা তাদের ঘরে (নিজ পরিবারের নিকট) ফিরে আসবে। তখন তাদের পরিবারের লোকেরা তাদেরকে বলবে, আমাদের নিকট হতে যাবার পর তোমাদের সৌন্দর্য বৃদ্ধি পেয়েছে। উত্তরে তারাও তাদের পরিবারের লোকদেরকে এরূপ বলবে।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ মুসলিমের শর্তানুযায়ী সহীহ।

তাখরীজ: পরবর্তী হাদীসটি দেখুন। ((মুসলিম, সিফাতুল জান্নাত ২৮৩৩- অনুবাদক।))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=83164}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন